বাংলাদেশ স্কাউটস
BANGLADESH SCOUTS

# আইসিটি বুকলেট

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

আইসিটি বিভাগ

scouts.gov.bd

# বাংলাদেশ স্কাউটস
# BANGLADESH SCOUTS

# স্কাউটিং কার্যক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০২২

(পরিমার্জিত সংস্করণ)

(বাংলাদেশ স্কাউটস এর জাতীয় নির্বাহী কমিটির ২৫৩তম সভায় অনুমোদিত)

## আইসিটি বিভাগ

জাতীয় সদর দফতর, কাকরাইল, ঢাকা-১০০০

**প্রধান উপদেষ্টা**



**ড. মোঃ মোজাম্মেল হক খান**
প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ও
মাননীয় কমিশনার, দুর্নীতি দমন কমিশন

**উপদেষ্টা পরিষদ**



**জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ**
জাতীয় কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস ও
সচিব, ভূমি মন্ত্রণালয়



**জনাব মোঃ জহুরুল হক-এলটি**
জাতীয় উপ কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস ও
অতিরিক্ত সচিব, ভূমি মন্ত্রণালয়



**জনাব মোঃ আবু নাসার উদ্দিন**
জাতীয় উপ কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস ও
উপ সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

**প্রকাশক**



**জনাব কে এম সাইদুজ্জামান-এলটি**
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

**সম্পাদক**



**জনাব মোঃ হামজার রহমান শামীম-এএলটি**
উপ পরিচালক(আইসিটি)
বাংলাদেশ স্কাউটস

**প্রকাশকাল**

জুন ২০২২

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| স্কাউটিং কার্যক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০২২ | | ৪ |
| ১। | ভূমিকা | ৪ |
| ২। | সংজ্ঞা | ৪ |
| ৩। | নির্দেশিকা জারীর উদ্দেশ্য ও ব্যবহার | ৫ |
| ৪। | সামাজিক যোগাযোগ মাধ্যমের প্ল্যাটফরম নির্বাচন | ৫-৬ |
| ৫। | স্কাউটিংয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার | ৬-৭ |
| ৬। | একাউন্ট ব্যবস্থাপনা | ৭-১০ |
| ৭। | সামাজিক যোগাযোগ মাধ্যমের বিষয়বস্তু ব্যবস্থাপনা | ১১ |
| ৮। | হালনাগাদকরণ ও সাড়া প্রদান | ১১ |
| ৯। | সরকারি আইন ও বিধি-বিধানের প্রযোজ্যতা | ১২ |
| ১০। | পরিহারযোগ্য বিষয়াদি | ১২-১৩ |
| ১১। | সমন্বয় কমিটি | ১৩-১৫ |
| ১২। | সমন্বয় ও পরিবীক্ষণ | ১৫ |
| ১৩। | স্পষ্টীকরণ | ১৫ |
| ১৪। | আবেদন করার নমুনা | ১৬ |
| বাংলাদেশ স্কাউটস এর আইসিটি বিভাগের অন্যান্য তথ্য | | ১৭-২১ |
| আইসিটি বিষয়ক জাতীয় কমিটি | | ২২-২৩ |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের কার্যপরিধি | | ২৪ |

# স্কাউটিং কার্যক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০২২

## ১। ভূমিকা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসারের সঙ্গে সঙ্গে পৃথিবীব্যাপী সামাজিক যোগাযোগ মাধ্যমসমূহ ব্যবহারে জনপ্রিয়তা প্রতিনিয়ত বাড়ছে। বাংলাদেশেও ব্যক্তি এবং প্রাতিষ্ঠানিক উভয় পর্যায়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের এ প্রবণতা লক্ষণীয়। স্কাউটিং কার্যক্রম সম্প্রসারণে সামাজিক যোগাযোগ মাধ্যম অগ্রণী ভূমিকা রাখছে। স্কাউটিং কার্যক্রমে বিভিন্ন পর্যায়ে সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যাপক ব্যবহার হচ্ছে। অপরদিকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে কিছু স্বার্থান্বেষী ব্যক্তি বা সংগঠন নানা ধরনের অসত্য তথ্য প্রকাশ করে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টায় লিপ্ত রয়েছে। ফলে স্কাউটিং কার্যক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান প্রেক্ষাপটে ২০১৯ সালে জারীকৃত নির্দেশিকাটি পরিমার্জনের আবশ্যকতা দেখা দেয়। এ পরিপ্রেক্ষিতে উক্ত নির্দেশিকাটির পরিমার্জিত সংস্করণ "স্কাউটিং কার্যক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০২২" প্রণয়ন করা হয়।

## ২। সংজ্ঞা

(ক) সামাজিক যোগাযোগ মাধ্যম অর্থ কম্পিউটার ডিজিটাল ডিভাইস ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে পারস্পরিক যোগাযোগের উদ্দেশ্য তথ্য, উপাত্ত, টেক্সট, ইমেজ, অডিও, ভিডিও ইত্যাদি আদান-প্রদানের একটি প্ল্যাটফরম।

(খ) সরকারি প্রতিষ্ঠান অর্থ কোন আইন বিধি বা সরকারি আদেশ বলে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান সংবিধিবদ্ধ সংস্থা অথবা সরকারের মালিকানা বা নিয়ন্ত্রণাধীন কোন প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ।

(গ) ডিজিটাল ডিভাইস কোন ইলেক্ট্রনিক ডিজিটাল অপটিক্যাল তথ্য প্রক্রিয়াকরণ যন্ত্র বা সিস্টেম ইলেক্ট্রনিক ম্যাগনেট ব্যবহার করে যৌক্তিক গাণিতিক এবং মেমোরি কার্যক্রম সম্পন্ন করে এবং কোন ডিজিটাল কম্পিউটার সিস্টেম কম্পিউটার নেটওয়ার্কের সাথে সংযুক্ত এবং সকল ইনপুট-আউটপুট প্রক্রিয়াকরণ ডিজিটাল স্টোরেজ ডিভাইস সফটওয়্যার বা যোগাযোগ সুবিধাও এর অন্তর্ভূক্ত হবে।

(ঘ) স্কাউটিং প্রতিষ্ঠান বলতে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর, অঞ্চল, জেলা, উপজেলা, ইউনিট, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নেচার অবজারভেশন সেন্টার, স্কাউট পার্ক/গার্ডেন, স্কাউট অ্যানিমেশন স্টুডিওসহ বাংলাদেশ স্কাউটস এর মালিকানাধীন/ নিয়ন্ত্রণাধীন/ ব্যবস্থাধীনে পরিচালিত যে কোন প্রতিষ্ঠানকে বুঝাবে।

## ৩। নির্দেশিকা জারীর উদ্দেশ্য ও ব্যবহার

### ৩.১। উদ্দেশ্য

(ক) স্কাউটিং কার্যক্রম পরিচালনা সহজতর করা, যে কোনো অস্বাভাবিক পরিস্থিতিতে কার্যক্রম অব্যাহত রাখা এবং প্রচার প্রসার ও ইমেজ বৃদ্ধিতে সামাজিক যোগাযোগ মাধ্যমের কার্যকর ব্যবহার নিশ্চিত করা।

(খ) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে স্কাউটিংয়ের বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তির করণীয় ও বর্জনীয় নির্ধারণ করা;

(গ) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করা।

(ঘ) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে ব্যবহারিক শিক্ষা প্রসার এবং সচেতনতা বৃদ্ধি করা।

(ঙ) সমন্বয় কমিটির মাধ্যমে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নিয়ন্ত্রণ ও মনিটরিং করা।

### ৩.২। ব্যবহার

এ নির্দেশিকাটি বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর, অঞ্চল, জেলা, উপজেলা, ইউনিট, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ,আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নেচার অবজারভেশন সেন্টার, স্কাউট পার্ক/গার্ডেন, স্কাউট অ্যানিমেশন স্টুডিও এবং কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, ওয়ারেন্ট ও ননওয়ারেন্ট স্কাউট সদস্যগণ ও প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ৪। সামাজিক যোগাযোগ মাধ্যমের প্ল্যাটফরম নির্বাচন

৪.১। অনলাইনে সামাজিক যোগাযোগ মাধ্যমের অনেকগুলি প্ল্যাটফরম রয়েছে; যার অধিকাংশ যে কোনো ব্যবহারকারীর জন্য উন্মুক্ত। জনপ্রিয় যোগাযোগ প্ল্যাটফরমসমূহের মধ্যে কয়েকটি নিম্নরূপ:

Facebook: www.facebook.com

Twitter: www.twitter.com

You Tube: www.youtube.com

Skype: www.skype.com

Pinterest: www.pinterest.com

WhatsApp: www.whatsapp.com

Vimeo: www.vimeo.com

Vibers: www.viber.com

Linkedin: www.linkendin.com

Instagram: www.instagram.com

এছাড়াও ভবিষ্যতে সামাজিক যোগাযোগ মাধ্যম হিসেবে যে সকল প্ল্যাটফরম ব্যবহার হবে সেগুলোও স্কাউটিং এর ক্ষেত্রে ব্যবহার করা যাবে। তবে সরকার কর্তৃক নিষিদ্ধ/ অনুমোদনহীন সামাজিক যোগাযোগ কোনো মাধ্যমকে স্কাউটিং এর কাজে ব্যবহার করা যাবে না।

৪.২। বর্তমান সময় পর্যন্ত ফেইসবুক ব্যবহারকারীর সংখ্যা সর্বাধিক। বাংলাদেশ স্কাউটসে প্ল্যাটফরমটি তুলনামূলকভাবে বেশী জনপ্রিয়। বাংলাদেশ স্কাউটস এর লক্ষ্য ও উদ্দেশ্য, কর্মপরিধি ও কর্মকৌশল, প্রচার ও প্রসার, অভীষ্টগোষ্ঠী ও অংশীজন, পদ্ধতি ইত্যাদি এবং পাশাপাশি সংশ্লিষ্ট প্ল্যাটফরম নিয়ম ও শর্তাবলি বিবেচনা করে এক বা একাধিক প্ল্যাটফরম নির্বাচন করা যাবে।

## ৫। স্কাউটিংয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার

স্কাউটিং কার্যক্রমের প্রচার ও প্রসার, স্বচ্ছতা, জবাবদিহিতা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে নতুন নতুন সুযোগ তৈরী এবং এসব ক্ষেত্রে একজন স্কাউটকে ২১ শতকের আইসিটিতে উপযোগী সক্ষমতা সৃষ্টি করার জন্য নিম্নবর্ণিত প্রাতিষ্ঠানিক কাজে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করা যেতে পারে:

ক. স্কাউটিং কার্যক্রমের প্রচার ও প্রসার;

খ. দাপ্তরিক যোগাযোগ, নেটওয়ার্কিং ও মতবিনিময়;

গ. সমস্যা পর্যালোচনা ও সমাধান;

ঘ. স্কাউটিং সেবা সহজিকরণ ও উদ্ভাবন;

ঙ. বিভিন্ন প্রোগ্রামের নোটিশ প্রচার;

চ. স্কাউট ও জনগনের মাঝে জনসচেতনতা সৃষ্টি;

ছ. নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সকলের অংশগ্রহণ;

জ. স্কাউটিং সেবা প্রদানের নতুন মাধ্যম ব্যবহার করা।

## ৬। একাউন্ট ব্যবস্থাপনা

### ৬.১। দাফতরিক একাউন্ট ব্যবস্থাপনা

সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রচলিত কোনো প্ল্যাটফরম ব্যবহার করার লক্ষ্যে গ্রুপ একাউন্ট তৈরী ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো অনুসরণ করতে হবে।

ক) বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর, অঞ্চল, জেলা, উপজেলা, ইউনিট, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ,আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নেচার অবজারভেশন সেন্টার, স্কাউট পার্ক/গার্ডেন, স্কাউট অ্যানিমেশন স্টুডিও এর সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ একাউন্ট ব্যক্তি বা পদবির পরিবর্তে সংশ্লিষ্ট দপ্তর বা প্রতিষ্ঠানের নামে নিম্ন বর্ণিত রূপে হবে :

| | |
|---|---|
| **সাধারণ অঞ্চল**<br>বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল | **General Region**<br>Bangladesh Scouts, Rajshahi Region |
| **বিশেষ অঞ্চল**<br>বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল | **Special Region**<br>Bangladesh Scouts, Rover Region |
| **জেলা রোভার**<br>বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভার | **District Rover**<br>Bangladesh Scouts, Dhaka District Rover |
| **জেলা স্কাউটস**<br>বাংলাদেশ স্কাউটস, পাবনা জেলা | **District Scouts**<br>Bangladesh Scouts, Pabna District |
| **উপজেলা স্কাউটস**<br>বাংলাদেশ স্কাউটস, দোহার উপজেলা | **Upazila Scouts**<br>Bangladesh Scouts, Dohar Upazila |
| **রোভার ইউনিট**<br>ঢাকা কলেজ রোভার স্কাউট গ্রুপ, ঢাকা জেলা রোভার | **Rover Unit**<br>Dhaka College Rover Scout Group, Dhaka District Rover |
| **মুক্ত দল**<br>আমরা স্কাউট গ্রুপ, ঢাকা মেট্রোপলিটন জেলা | **Open Unit**<br>Amra Open Scout Group, Dhaka Metropoliton. District |

| | |
|---|---|
| **কাব স্কাউট ইউনিট**<br>বর্ণি কিশোরী সরকারি প্রাথমিক বিদ্যালয় কাব স্কাউট ইউনিট | **Cub Scout Unit**<br>Borni kishory Govt. Primary School Cub Scout Unit |
| **জাতীয় সদর দফতরের বিভাগ**<br>বাংলাদেশ স্কাউটস, আইসিটি বিভাগ | **Division of National Headquarter**<br>Bangladesh Scouts, ICT Division |
| **জাতীয় প্রোগ্রাম**<br>দশম জাতীয় স্কাউট জাম্বুরী, বাংলাদেশ স্কাউটস | **National Program**<br>10th National Scout Jamboree, Bangladesh Scouts |
| **আঞ্চলিক/অন্যান্য প্রোগ্রাম**<br>৫ম আঞ্চলিক কাব ক্যাম্পুরী, চট্টগ্রাম অঞ্চল | **Region/other Program**<br>5th Regional Cub Camporee, Chattogram Region |
| **অন্যান্য**<br>স্কাউট অ্যানিমেশন স্ট্যুডিও, বাংলাদেশ স্কাউটস | **Other**<br>Scout Animation Studio, Bangladesh Scouts |
| জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাংলাদেশ স্কাউটস | National Scout Training Center, Bangladesh Scouts |

খ) মূল পেজের বর্ণনায়, পিন পোস্টে অথবা দৃষ্টিগোচর স্থানে উক্ত মাধ্যম ব্যবহারের উদ্দেশ্য, অডিয়েন্স ও ব্যবহারকারী সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা থাকবে।

গ) অফিস বা গ্রুপের দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি বা ৩ থেকে ৫ সদস্যের একটি টিম উক্ত ইউজার একাউন্টের এডমিন বা মডারেটর হিসাবে দায়িত্ব পালন করবেন।

ঘ) পেজ বা গ্রুপের ব্যানার বা প্রোফাইল পিকচারে কোনো ব্যক্তিগত বা পারিবারিক ছবি ব্যবহার করা যাবে না।

ঙ) একাউন্টের নিরাপত্তার জন্য শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করতে হবে এবং এডমিন বা মডারেটর সময়ে সময়ে তা পরিবর্তন করবেন।

চ) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের উদ্দেশ্য বিবেচনায় এবং প্রতিষ্ঠানের আলোকে এর কন্টেন্ট প্রদর্শন, মন্তব্য/ মতামত জ্ঞাপন, সদস্য হিসাবে অন্তর্ভুক্তি, প্রবেশাধিকার, প্রাইভেসি, ইত্যাদি বিষয়ে সেটিংস সংশ্লিষ্ট এডমিন/ মডারেটর কর্তৃক নির্বাচন করা হবে।

ছ) সোশ্যাল মিডিয়া পেজকে অফিসিয়াল ওয়েবসাইটের সঙ্গে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। তবে সামাজিক যোগাযোগ মাধ্যমকে দাফতরিক ওয়েবসাইটের বিকল্প হিসেবে বিবেচনা করা হবে না।

জ) দাফতরিক যোগাযোগের সময় চিঠিপত্রসহ অন্যান্য যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে লেটার হেড-এ প্রতিষ্ঠানের দাফতরিক ঠিকানার সাথে বর্তমানে ব্যবহৃত ওয়েব ঠিকানার পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমের নিজস্ব ঠিকানাটিও ব্যবহার করতে হবে।

ঝ) ১. বাংলাদেশ স্কাউটস এর সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ এর মূল পেজে পিন পোস্টে অথবা দৃষ্টিগোচর স্থানে বাংলদেশ স্কাউটস এর অধীন সকল অঞ্চলের (যদি থাকে) সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ এর লিংক দেয়া থাকবে, যাতে সকলে বুঝতে পারেন যে ঐ লিংকটি সংশ্লিষ্ট অঞ্চলের অনুমোদিত সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ;

২. যে কোনো অঞ্চলের সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ এর মূল পেজে পিন পোস্টে অথবা দৃষ্টিগোচর স্থানে অঞ্চলের অধীন সকল জেলার (যদি থাকে) সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ এর লিংক দেয়া থাকবে, যাতে সকলে বুঝতে পারেন যে ঐ লিংকটি সংশ্লিষ্ট জেলার অনুমোদিত সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ;

৩. যে কোনো জেলার সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ এর মূল পেজে পিন পোস্টে অথবা দৃষ্টিগোচর স্থানে জেলার অধীন সকল উপজেলার (যদি থাকে)বা ইউনিটের সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ এর লিংক দেয়া থাকবে, যাতে সকলে বুঝতে পারেন যে ঐ লিংকটি সংশ্লিষ্ট উপজেলার বা ইউনিটের অনুমোদিত সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ;

৪. যে কোনো উপজেলার সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ এর মূল পেজে পিন পোস্টে অথবা দৃষ্টিগোচর স্থানে উপজেলার অধীন সকল ইউনিটের সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ এর লিংক দেয়া থাকবে, যাতে সকলে বুঝতে পারেন যে ঐ লিংকটি সংশ্লিষ্ট উপজেলার বা ইউনিটের অনুমোদিত সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ;

৫. যে কোনো ইউনিটের সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ এর মূল পেজে পিন পোস্টে অথবা দৃষ্টিগোচর স্থানে নির্দেশনা পেজ বা গ্রুপ এর লিংক দেয়া থাকবে, যাতে সকলে বুঝতে পারেন যে ঐ লিংকটি সংশ্লিষ্ট ইউনিটের অনুমোদিত সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ;

৬. স্কাউটিং এর যে কোনো ইভেন্ট এর নামে সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ খোলা হলে তা ঐ ইভেন্ট আয়োজনকারী প্রতিষ্ঠানের সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপ এর মূল পেজে পিন পোস্টে অথবা দৃষ্টিগোচর স্থানে লিংক দেয়া থাকবে। তবে বিভিন্ন ইভেন্ট এর নামে একাধিক সোশ্যাল মিডিয়া

পেজ বা গ্রুপ খোলাকে নিরুৎসাহিত করা হচ্ছে। প্রয়োজনে পূর্ববর্তী কোনো ইভেন্ট এর নামে পরিচালিত সোশ্যাল মিডিয়া পেজ বা গ্রুপকে 'রিনেম' করে পুনরায় ব্যবহার করা যেতে পারে।

ঞ) বাংলাদেশ স্কাউটস, যে কোনো অঞ্চল, জেলা, উপজেলা, গ্রুপ বা ইভেন্ট এর নামে ব্যক্তিগত একাউন্ট এর মত সোশ্যাল মিডিয়া আইডি খোলা যাবে না।

ট) স্কাউট পদবী বা ইউনিফরম পরিহিত অবস্থায় কোনো ফেসবুক একাউন্ট খুললে সেটি স্কাউট একাউন্ট হিসেবে গন্য হবে।

### ৬.২ ব্যক্তিগত একাউন্ট ব্যবস্থাপনা

সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যক্তিগত একাউন্ট তৈরি ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো অনুসরণ করতে হবে:

ক) ব্যক্তিগত একাউন্ট পরিচালনার ক্ষেত্রে দায়িত্বশীল নাগরিকসুলভ আচরণ ও অনুশীলন মেনে চলতে হবে।

খ) অপ্রয়োজনীয় ট্যাগ, রেফারেন্স বা শেয়ার করা পরিহার করতে হবে।

গ) সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার নিয়ন্ত্রনে একাউন্ট এর ক্ষতিকারক কনটেন্ট এর জন্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ দায়ী হবেন এবং সেজন্য প্রচলিত আইন ও বিধি বিধান অনুযায়ী ব্যবস্থা গৃহীত হবে এবং

ঘ) একাউন্টে নিরাপত্তার জন্য শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করতে হবে এবং নিরাপত্তার স্বার্থে তা নিয়মিত পরিবর্তন করতে হবে।

## ৭। সামাজিক যোগাযোগ মাধ্যমের বিষয়বস্তু ব্যবস্থাপনা

কন্টেন্ট অবশ্যই স্কাউটিংয়ের মূলনীতি এবং স্কাউট কার্যক্রমের উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ হতে হবে :

ক) সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিতব্য টেক্সট, ছবি, অডিও, ভিডিও, ইত্যাদি গুরুত্বের সঙ্গে নির্বাচন ও বাছাই করতে হবে।

খ) নিজস্ব পোস্টে প্রদত্ত তথ্য ও উপাত্তের যথার্থতা ও নির্ভরযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হতে হবে।

গ) ব্যক্তিগত বা পারিবারিক বিষয়াদি সংশ্লিষ্ট কোনো কন্টেন্ট প্রাতিষ্ঠানিক যোগাযোগ মাধ্যমে পোস্ট দেয়া থেকে বিরত থাকতে হবে।

ঘ) অপ্রয়োজনীয় বা গুরুত্বহীন বিষয়ে পোস্ট দেওয়া নিরুৎসাহিত করতে হবে।

ঙ) গুরুত্বপূর্ণ কন্টেন্টসমূহের আর্কাইভ, পুন:প্রদর্শন ও শেয়ারিং করতে হবে।

চ) অপ্রাসঙ্গিক পোস্ট দৃষ্টিগোচর হলে তা অপসারণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা।

ছ) পোস্ট অনুমোদনের জন্য সতর্কতা অবলম্বন করা।

জ) ফ্রেন্ডস/ফলোয়ার বৃদ্ধির বিষয়ে সতর্কতা অবলম্বন করা।

## ৮। হালনাগাদকরণ ও সাড়া প্রদান

ক) প্রতিষ্ঠানের পক্ষে এডমিন/মডারেটর প্রতি সপ্তাহে কমপক্ষে দু'বার নিজ সামাজিক মাধ্যম হালনাগাদ/সাড়া প্রদান করবেন।

খ) প্রতিষ্ঠানের পক্ষে এডমিন/মডারেটর যুক্তিগ্রাহ্য সময়ের মধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমে উত্থাপিত সমস্যা, মন্তব্য বা প্রশ্নের বিষয়ে সাড়া প্রদান করবেন।

গ) সাড়া প্রদানে বিলম্ব হলে অন্তরবর্তীকালীন আপডেট দিবেন। প্রয়োজনে এ পোস্টে উত্থাপিত সমস্যা, মন্তব্য বা প্রশ্নের সঙ্গে সংশ্লিষ্ট গ্রুপ/ স্কাউটারকে ট্যাগ করবেন ও সাড়াদান নিশ্চিত করবেন।

ঘ) সাড়া প্রদানে সমন্বয় কমিটির পরামর্শ গ্রহন করে এডমিন/মডারেটর/এডিটরগণ কার্যকরী ব্যবস্থা নিবেন।

ঙ) ওয়েবসাইটের পাশাপাশি স্যোশাল মিডিয়া ব্যবহার সমন্বয় সাধন করা।

চ) অনুচ্ছেদ ১০ এ বর্ণিত পরিহারযোগ্য বা আপত্তিকর কন্টেন্ট উত্থাপিত হলে এডমিন/মডারেটর যতদ্রুত সম্ভব সাড়া দেবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

## ৯। সরকারি আইন ও বিধি-বিধানের প্রযোজ্যতা

সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে দেশের প্রচলিত সংশ্লিষ্ট আইন ও বিধি বিধান প্রযোজ্য হবে।

## ১০। পরিহারযোগ্য বিষয়াদি

সামাজিক যোগাযোগ মাধ্যমে নিম্নোক্ত বিষয়সমূহ প্রকাশ করা যাবে না:

ক) জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোনোরকম কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

খ) কোনো সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোনো কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

গ) রাজনৈতিক মতাদর্শ বা আলোচনা সংশ্লিষ্ট কোনো কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

ঘ) স্কাউট আন্দোলনের ভাবমূর্তি ক্ষুন্ন হয় বা নেতিবাচক কোনো কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

ঙ) স্কাউটিং কার্যক্রমের বাইরের কোনো বিষয় বা অন্য কোনো প্রমোশনাল কন্টেন্ট প্রকাশ করা যাবে না।

চ) যারা নামের সাথে অতিরঞ্জিত বিশেষণ ব্যবহার করেন, ছদ্মনাম ব্যবহার করেন, নামের সাথে সিম্বল বা কারুকাজ ব্যবহার করেন, প্রোফাইলে কোনো লোগো বা অপ্রাসঙ্গিক ছবি ব্যবহার করেন বা সন্দেহজনক তথ্য প্রোফাইলে থাকে তাঁদের পোস্ট এপ্রুভ করা যাবে না এবং তাঁদেরকে সামাজিক যোগাযোগ মাধ্যমে অন্তর্ভুক্ত করা যাবে না।

ছ) কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে হেয় প্রতিপন্ন করে এমন তথ্য-উপাত্ত।

জ) লিংগ বৈষম্যমূলক বা বর্ণ, গোত্র, গোষ্টী বা সম্প্রদায় চেতনায় প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে আঘাত হানতে পারে- এ ধরণের তথ্য- উপাত্ত বা বক্তব্য উপস্থাপন।

ঝ) জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোনো বিষয়, লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি।

ঞ) আত্ম-প্রচারণামূলক কোনো পোস্ট। স্কাউট শৃঙ্খলা পরিপন্থী অথবা সরকারি অনুমোদন বর্হিভুত কোন মাধ্যমে স্কাউট পোশাক পরিহিত অবস্থায় অস্বাভাবিক কোনো ছবি, ভিডিও বা লাইভ পরিহার করতে হবে।

ট) ভিত্তিহীন, অসত্য ও অশ্লীল তথ্যপ্রচার।

ঠ) বাংলাদেশ স্কাউট এর 'গঠন ও নিয়ম', উপবিধি, নীতিমালা, ম্যানুয়েল, বয়স্কনেতা কর্মপরিধি, অ্যাডাল্ট রিসোর্সেস পলিসি, ট্রেনিং পলিসি, স্কাউট মূলনীতি এবং স্কাউট আচরণবিধি পরিপন্থী কোনো পোস্ট।

ড) সেইফ ফ্রম হার্ম পলিসি পরিপন্থী কোনো পোস্ট।

ঢ) বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন বিভাগের বা বিভিন্ন স্তরের মধ্যকার সম্পর্কের অবনতি হতে পারে এ ধরনের কোনো পোস্ট বা কমেন্ট।

ণ) বাংলাদেশ স্কাউটস এর যে কোনো স্তরে/ পর্যায়ে যে কোনো নির্বাচনে কোন প্রার্থীর পক্ষে বিপক্ষে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে নির্বাচনী প্রচারণা করা/ কোন প্রার্থীর সমালোচনা করা।

## ১১। সমন্বয় কমিটি

বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর, অঞ্চল, জেলা, উপজেলা, ইউনিট, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ,আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, ন্যাচার অবজারভেশন সেন্টার, স্কাউট পার্ক/গার্ডেন, স্কাউট অ্যানিমেশন স্টুডিও এর সোশ্যাল মিডিয়া নিয়ন্ত্রনের জন্য প্রতিটি পর্যায়ে নিম্নরূপ সমন্বয় কমিটি থাকবে:

### জাতীয় পর্যায়ে

ক) জাতীয় কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস - আহবায়ক
খ) জাতীয় কমিশনার (আন্তর্জাতিক), বাংলাদেশ স্কাউটস - সদস্য
গ) জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস - সদস্য
ঘ) জাতীয় কমিশনার (স্ট্র্যাটেজিক প্ল্যানিং ও গ্রোথ), বাংলাদেশ স্কাউটস -সদস্য
ঙ) জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), বাংলাদেশ স্কাউটস - সদস্য
চ) জাতীয় কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস - সদস্য
ছ) জাতীয় কমিশনার (সংগঠন), বাংলাদেশ স্কাউটস - সদস্য
জ) জাতীয় কমিশনার (প্রশাসন), বাংলাদেশ স্কাউটস - সদস্য
ঝ) জাতীয় কমিশনার (মিডিয়া এবং প্রকাশনা), বাংলাদেশ স্কাউটস - সদস্য
ঞ) নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস - সদস্য সচিব

### অঞ্চল পর্যায়ে (সাধারণ ও বিশেষ)

ক) আঞ্চলিক উপ কমিশনার (আইসিটি) - আহবায়ক
খ) আঞ্চলিক উপ কমিশনার (আন্তর্জাতিক) - সদস্য
গ) আঞ্চলিক উপ কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য) - সদস্য
ঘ) আঞ্চলিক উপ কমিশনার (স্ট্র্যাটেজিক প্ল্যানিং ও গ্রোথ) -সদস্য

ঙ) আঞ্চলিক উপ কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) - সদস্য
চ) আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম) - সদস্য
ছ) আঞ্চলিক সম্পাদক - সদস্য
জ) আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস - সদস্য সচিব

## জেলা পর্যায়ে

ক) সহকারী কমিশনার (আইসিটি) - আহবায়ক
খ) সহকারী কমিশনার (আন্তর্জাতিক) - সদস্য
গ) সহকারী কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য) - সদস্য
ঘ) সহকারী কমিশনার (সংগঠন) -সদস্য
ঙ) সহকারী কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) - সদস্য
চ) জেলা স্কাউট লিডার - সদস্য
ছ) জেলা কাব লিডার - সদস্য
জ) উপ পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস - সদস্য
ঝ) জেলা সম্পাদক - সদস্য সচিব

## জেলা রোভার পর্যায়ে

ক) সহকারী কমিশনার (আইসিটি) - আহবায়ক
খ) সহকারী কমিশনার (আন্তর্জাতিক) - সদস্য
গ) সহকারী কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য) - সদস্য
ঘ) সহকারী কমিশনার (সংগঠন) -সদস্য
ঙ) সহকারী কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) - সদস্য
চ) জেলা রোভার স্কাউট লিডার - সদস্য
ছ) উপ পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস - সদস্য
জ) জেলা সম্পাদক - সদস্য সচিব

## উপজেলা পর্যায়ে

ক) সহকারী কমিশনার (আইসিটি) - আহবায়ক
খ) সহকারী কমিশনার (আন্তর্জাতিক) - সদস্য
গ) সহকারী কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য) - সদস্য
ঘ) সহকারী কমিশনার (সংগঠন) -সদস্য
ঙ) সহকারী কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) - সদস্য
চ) উপজেলা স্কাউট লিডার - সদস্য
ছ) উপজেলা কাব লিডার - সদস্য
জ) উপজেলা সম্পাদক - সদস্য সচিব

**ইউনিট পর্যায়ে**

ক) গ্রুপ কমিটির সভাপতি - আহবায়ক
খ) সহ সভাপতি - সদস্য
গ) ইউনিট লিডার - সদস্য সচিব

**সমন্বয় কমিটির কার্য পরিধি**

ক) প্রতি ২/৩ মাস অন্তর সভা করা।
খ) এডমিন, এডিটর ও মডারেটর প্যানেলের সদস্যগণের কার্যক্রম মনিটরিং করা।
গ) বিশেষ প্রয়োজনে পোস্ট সম্পর্কিত সমস্যা সমাধান করা।
ঘ) সার্বিক উন্নয়নে পরামর্শ প্রদান করা।
ঙ) সামাজিক যোগাযোগ মাধ্যম পরিচালনায় উপরের সাংগঠনিক স্তরকে অবহিত রাখা।
চ) সামাজিক যোগাযোগ মাধ্যম অপব্যবহার করার কারণে কিংবা এ নির্দেশিকা পরিপন্থি কোনো ধরণের আচরণের কারণে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে সুপারিশ করা।

## ১২। সমন্বয় ও পরিবীক্ষণ

ক) বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর, অঞ্চল, জেলা, উপজেলা, ইউনিট, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ,আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নেচার অবজারভেশন সেন্টার, স্কাউট পার্ক/গার্ডেন, স্কাউট অ্যানিমেশন স্টুডিও স্ব স্ব সমন্বয় কমিটি নিয়মিতভাবে ত্রৈমাসিক ভিত্তিতে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের কার্যক্রম পরিবীক্ষণ করবেন।

খ) জাতীয় সদর দফতর, অঞ্চল, জেলা, উপজেলা ও ইউনিট পর্যায়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যবহার সংক্রান্ত সচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও করণীয় নির্ধারণ করবে।

গ) আইসিটি বিভাগ স্কাউটিং কার্যক্রমের স্বার্থে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত যাবতীয় সমন্বয়, সম্প্রসারণ ও সহযোগিতামূলক দায়িত্ব পালন করবে এবং প্রয়োজনবোধে অবহিতকরণ কোর্স, প্রশিক্ষণ কোর্স ইত্যাদির আয়োজন করবে।

## ১৩। স্পষ্টীকরণ

এ নির্দেশনা অনুসরনে কোন সমস্যা বা কোন অনুচ্ছেদের বিষয়ে ব্যাখ্যা প্রয়োজন হলে বাংলাদেশ স্কাউটস, আইসিটি বিভাগের নজরে আনয়ণ করা যেতে পারে এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সমাধান চেয়ে আবেদন করা যেতে পারে।

# আবেদন করার নমুনা

বরাবর,

আহবায়ক

সমন্বয় কমিটি

বাংলাদেশ স্কাউটস, ................জাতীয়/অঞ্চল/উপজেলা/ইউনিট

বিষয়ঃ পোস্ট অপসারণ/সংশোধন/অন্যান্য বিষয় সম্পর্কীয়।

বিবরণঃ

পোস্টের তারিখ ও সময়ঃ

কোথায় পোস্ট করা হয়েছেঃ........................ পেজ/গ্রুপ

অপসারণের কারণঃ

নিবেদক,

স্বাক্ষর : ____________________

নাম : ____________________

পদবী : ____________________

ঠিকানা : ____________________ (সুস্পষ্ট করে লিখতে হবে)

ফোন : ____________________

## বাংলাদেশ স্কাউটস এর আইসিটি বিভাগের অন্যান্য তথ্য

### ০১। ওয়েবসাইট

বাংলাদেশ স্কাউটস এর একটি ওয়েবসাইট রয়েছে। ওয়েবসাইট এ যাবতীয় তথ্য, ফরম, ডকুমেন্টেশন, পরিপত্র দেয়া থাকে। এখান থেকে তথ্য সংগ্রহ করা যাবে। এছাড়াও বাংলাদেশ স্কাউটস এর ১৩ টি অঞ্চলের আলাদা আলাদা ওয়েবসাইট রয়েছে। জাতীয় সদর দফতরের ওয়েবসাইটে অঞ্চলের ওয়েবসাইটগুলো লিংক করা আছে।

বাংলাদেশ স্কাউটস ওয়েবসাইটের কিউআর কোড

**ওয়েব সাইট লিংক:** **https://scouts.gov.bd/**

### ০২। সার্ভিস পোর্টাল

বাংলাদেশ স্কাউটস এর একটি সার্ভিস পোর্টাল রয়েছে। পোর্টালে একজন কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, অ্যাডাল্ট লিডার এবং প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণ যাবতীয় তথ্য প্রদান করে রেজিষ্ট্রেশন করতে পারবেন। রেজিষ্ট্রেশন সম্পন্ন হলে বিএসআইডি পাবেন। বিএসআইডি দিয়ে পরবর্তীতে বিভিন্ন কাজে অংশগ্রহণ করতে পারবেন।

**সার্ভিস পোর্টাল লিংক:** **http://service.scouts.gov.bd/**

### ০৩। এসএমএস পোর্টাল

বাংলাদেশ স্কাউটস এর একটি এসএমএস পোর্টাল রয়েছে। এ পোর্টাল থেকে ইউ Scouts নামে মাস্কিং করে কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, অ্যাডাল্ট লিডার এবং প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণকে এসএমএস প্রেরণ করা হয়।

**এসএমএস পোর্টাল লিংক:** **https://portal.adnsms.com/**

### ০৪। জুম আইডি

বাংলাদেশ স্কাউটস এর একটি লাইসেন্সড জুম ক্লাউড মিটিং আইডি রয়েছে। এ জুম আইডি দিয়ে কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, অ্যাডাল্ট লিডার এবং প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণকে নিয়ে সভা আয়োজন করা হয়।

**জুম ক্লাউড মিটিং লিংক:** **https://us02web.**

বাংলাদেশ স্কাউটস জুম এর কিউআর কোড

zoom.us/j/7777888875?pwd=cTRLM3VZMTUzUDU1Q1FJUXkxa284Zz09

**জুম আইডি:** 7777888875

## ০৫। ওয়েব মেইল

বাংলাদেশ স্কাউটস এর ওয়েব মেইল এ মেইল সার্ভিস চালু রয়েছে। ওয়েব মেইল সার্ভিস এর মাধ্যমে কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, অ্যাডাল্ট লিডার এবং প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণের সাথে যোগাযোগ করা হয়। অঞ্চলগুলো এ সার্ভিস নিয়ে থাকে।

**ওয়েব মেইল লিংক:** https://mail.scouts.gov.bd/

## ০৬। ফেসবুক পেজ

বাংলাদেশ স্কাউটস এর একটি ফেসবুক পেজ রয়েছে। ফেসবুক পেজ এ যাবতীয় তথ্য, ফরম, ডকুমেন্টেশন, পরিপত্র দেয়া থাকে। এখান থেকে তথ্য সংগ্রহ করা যাবে। বাংলাদেশ স্কাউটস এর কোনো প্রোগ্রাম লাইভ হলে ফেসবুক পেজ থেকে লাইভ করা হয়।

**ফেসবুক পেজ লিংক:** https://www.facebook.com/bangladeshscouts.nhq

বাংলাদেশ স্কাউটস ফেসবুক পেজ এর কিউআর কোড

## ০৭। ফেসবুক গ্রুপ

বাংলাদেশ স্কাউটস এর একটি ফেসবুক গ্রুপ রয়েছে। ফেসবুক গ্রুপ এ যাবতীয় তথ্য, ফরম, ডকুমেন্টেশন, পরিপত্র দেয়া থাকে। এখান থেকে তথ্য সংগ্রহ করা যাবে। ফেসবুক গ্রুপটি ফেসবুক পেজ এর সাথে লিংক করা আছে। বাংলাদেশ স্কাউটস এর কোনো প্রোগ্রাম লাইভ হলে ফেসবুক গ্রুপে লাইভ করা হয়।

ফেসবুক গ্রুপ লিংক: https://www.facebook.com/groups/bangladeshscouts.nhq

বাংলাদেশ স্কাউটস ফেসবুক গ্রুপ এর কিউআর কোড

## ০৮। অ্যাপস

বাংলাদেশ স্কাউটস এর নামে গুগল প্লে স্টোরে একটি অ্যাপস রয়েছে। এ অ্যাপস দিয়েই ডিরেক্টরী, ব্লাড ডোনেশন, ইউজার ভেরিফিকেশন, ফরম এন্ড

ডকুমেন্টেশন, পাবলিক সার্ভিস ও কন্টাক্ট ব্যবহার করতে পারবেন। এখান থেকে তথ্য সংগ্রহ করা যাবে।

**বাংলাদেশ স্কাউটস অ্যাপস লিংক: https://play.google.com/store/apps/details?id=com.mysoftheaven.bangladeshscouts**

বাংলাদেশ স্কাউটস অ্যাপস এর কিউআর কোড

## ০৯। ইউটিউব

বাংলাদেশ স্কাউটস এর একটি ইউটিউব চ্যানেল রয়েছে।
ইউটিউব চ্যানেলে লাইভ করা হয়। বিভিন্ন ভিডিও আপলোড করা হয়।
**ইউটিউব লিংক: https://www.youtube.com/c/BdScouts**

## ১০। ইন্সট্রাগ্রাম

বাংলাদেশ স্কাউটস এর একটি ইন্সট্রাগ্রাম এ অ্যাকাউন্ট রয়েছে। ইউটিউভ চ্যানেলে লাইভ করা হয়। বিভিন্ন ভিডিও আপলোড করা হয়।

**ইন্সট্রাগ্রাম লিংক: https://www.instagram.com/bangladesh.scouts/**

## ১১। লিংকডইন

বাংলাদেশ স্কাউটস এর একটি লিংকডইন এ অ্যাকাউন্ট রয়েছে।
**লিংকডইন লিংক: https://www.linkedin.com/company/bangladeshscouts/**

## ১২। গুগল মিট

বাংলাদেশ স্কাউটস এর একটি গুগল মিট আইডি রয়েছে। এ গুগল মিট আইডি দিয়ে কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, অ্যাডাল্ট লিডার এবং প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণকে নিয়ে সভা আয়োজন করা হয়।

**বাংলাদেশ স্কাউটস এর গুগল মিট লিংক: meet.google.com/dqu-ynmx-gnc** বা

**Meet** খুলেএই কোডটি লিখুন: **dqu-ynmx-gnc**

আইসিটি বিভাগের ফেসবুক গ্রুপ এর কিউআর কোড

## ১৩। আইসিটি বিভাগের ফেসবুক গ্রুপ

বাংলাদেশ স্কাউটস, আইসিটি বিভাগের একটি ফেসবুক গ্রুপ রয়েছে। আইসিটি বিভাগের ফেসবুক গ্রুপ এ যাবতীয় তথ্য, ফরম, ডকুমেন্টেশন, পরিপত্র দেয়া থাকে। এখান থেকে তথ্য সংগ্রহ করা যাবে। বাংলাদেশ স্কাউটস এর কোনো প্রোগ্রাম লাইভ হলে ফেসবুক গ্রুপ থেকে লাইভ করা হয়।

**ফেসবুক গ্রুপ লিংক: https://www.facebook.com/groups/bangladeshscoutsictdivision**

## ১৪। ইন্টারনেট ও ওয়াইফাই

বাংলাদেশ স্কাউটস বর্তমানে বিটিসিএল এর ৫০ এমবিপিএস লিজড লাইন ইন্টারনেট কানেকশন ব্যবহার করছে । বর্তমানে বাংলাদেশ স্কাউটস এর ৮০টি কম্পিউটার ও ১৫ টি রাউটারের মাধ্যমে ইন্টারনেট সেবা প্রদান করা হচ্ছে। জাতীয় সদর দফতরের ওয়াইফাই এর বিবরণ দেয়া হল:

### List of WIFI, Password and Users

| No. | Wifi Name | Password | User |
|---|---|---|---|
| 1 | Bs_VVIP(PCVPT) | If you need internet and wifi connection in NHQ, Pls Contact DD(ICT), Bangladesh Scouts | President, Vice Presidents, CNC and Treasurer |
| 2 | Bs_PCE | | President, CNC and Executive Director |
| 3 | Bs_NC DNC | | National Commissioners and Deputy National Commissioners |
| 4 | Bs_Admin | | Administration and Other Guests |
| 5 | Bs_1F(CDIRAr GSGisExtShop) | | Community Development, International, Adult resources, General Service, Girl in Scouting, Extension Scouting and Scout Shop |
| 6 | Bs_Shams Hall | | Shams Hall room |
| 7 | Bs_Shams Hall.N | | |
| 8 | Bs_3F SEICT | | Special event, ICT division |
| 9 | Bs_3rd F(OrgProg TrgACC) | | Organization, Program, Training and Accounts |
| 10 | Bs_4F(RuFoSp MrEsReDorm) | | Rules, Foundation, Strategic Planning & Growth, Membership Registration,Estate, Research and Evaluation , Dormitory |
| 11 | Bs_Dormitory | | Boards of Dormitory |
| 12 | Bs Project NC DNC | | Scout, Cub Project and Development |
| 13 | Bs_Project(cub) | | |
| 14 | Bs_Project(Scout) | | |

# আইসিটি বিষয়ক জাতীয় কমিটি



**জনাব এন এম জিয়াউল আলম - পিএএ** — সভাপতি
সিনিয়র সচিব, আইসিটি বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়
০১৭০৮৫০১৩১৩, secretary@ictd.gov.bd



**জনাব মোঃ মোস্তাফিজুর রহমান - পিএএ** — সহ-সভাপতি
জাতীয় কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস ও সচিব, ভূমি মন্ত্রণালয়
০১৭১৫৪৪৮৩১১, mustafiztito@gmail.com



**জনাব মোঃ রেজাউল করিম** — সদস্য
জাতীয় কমিশনার (গবেষণা ও মূল্যায়ন), বাংলাদেশ স্কাউটস
০১৭২৬৮৯৯০৮৯, rejaul8283@gmail.com



**জনাব মোঃ জহুরুল হক - এলটি** — সদস্য
জাতীয় উপ কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস ও অতিরিক্ত সচিব, ভূমি মন্ত্রণালয়
০১৭১৫২১৪২৯১, zahurul.scout@gmail.com



**জনাব মোঃ আবু নাসার উদ্দিন** — সদস্য
জাতীয় উপ কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস ও উপ সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
০১৭১২১৯০৯১৩, nasarmoefcc@gmail.com



**জনাব জামাল উদ্দিন শিকদার** — সদস্য
জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস
০১৭১১৫৩১৬০১, jusikder@gmail.com



**জনাব মোঃ ইয়াছিনুর রহমান রাকিব** — সদস্য
জাতীয় উপ কমিশনার (এক্সটেনশন স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস
০১৫৫২৩১৬৯৯৩, june29rakib@gmail.com



**জনাব মোঃ আকতারুজ্জামান** — সদস্য
যুগ্মসচিব, আইসিটি বিভাগ, ০১৭১৫০১৬৪২২,
akhtaruzzaman@ictd.gov.bd



**ড. মোঃ জাহিদ হোসেন পনির - পিএএ** — সদস্য
উপ সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা
০১৭১২৯১৫১৯৪, lsdmc@minland.gov.bd



**প্রফেসর ড. এস এম মাহবুব উল হক মজুমদার** — সদস্য
ডিন, ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটি
০১৭১৩৪৯৩০০৭/১৩০, deanfsit@daffodilvarsity.edu.bd



**জনাব মোহাম্মদ এনামুল কবির** — সদস্য
পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
০১৫৫৫৪৫৫৪৫৫, enamul.kabir@bcc.gov.bd



**জনাব রায়হানা ইসলাম** — সদস্য
উপসচিব, আইসিটি বিভাগ
০১৭১৬৬৩৯৪৮২, raihanaislam1976@ictd.gov.bd



**জনাব মোহাম্মদ নাজমুল আহ্সান** — সদস্য
উপসচিব, ব্লু ইকোনমি সেল, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
০১৭১১৯৬০৮০৬, nazmulcdr@yahoo.com



**জনাব মোহাম্মদ সালাহউদ্দিন** — সদস্য
উপসচিব, ন্যাশনাল কনসালটেন্ট এন্ড ইম্পলিমেন্টেশন স্পেশালিস্ট, এটুআই প্রকল্প
০১৭১২৫৮২৬৪৪, salahuddin1541@gmail.com



**জনাব হাশিম আহম্মদ - এএলটি** — সদস্য
সচিব, বেসিস, ঢাকা, ০১৭১২৮২১৮৪৮
secretary@basis.org.bd



**জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন** — সদস্য
সিনিয়র মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি বিভাগ, ০১৭১০৯০৪০৯৯
anwar@ictd.gov.bd



**এ নাসের আহমাদ** — সদস্য
সিটিও নিব্রাস আই টি, ঢাকা
০১৯৭৬৪২৭২২৭, anaserahmad@gmail.com



**আবদুল হান্নান মিল্টন** — সদস্য
১৩৫৪, দক্ষিণ দনিয়া, ঢাকা-১২৩৬
০১৯৪৯৫৩৯২৮২, hannanmilton@gmail.com



**জনাব মোঃ হামজার রহমান শামীম - এএলটি** — সদস্য সচিব
উপ পরিচালক(আইসিটি), বাংলাদেশ স্কাউটস
০১৭৪৮২৬৪২৭০, shamimcse@gmail.com

# তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের কার্যপরিধি

০১। আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কে ধারণা প্রদান ও ব্যবহারে উদ্বুদ্ধকরণ।

০২। বিভিন্ন বিভাগের সফটওয়্যার তৈরি, ব্যবহার, সংরক্ষণ ও মেরামতে সহায়তা প্রদান।

০৩। বিভিন্ন আইসিটি উপকরণ ক্রয়, ব্যবহার, সংরক্ষণ ও মেরামতে সহায়তা প্রদান

০৪। অঞ্চল, জেলা এবং উপজেলার চাহিদার ভিত্তিতে ইমেইল ও জুম আইডির ব্যবস্থা করা।

০৫। বাংলাদেশ স্কাউটস এর প্রতিটি পর্যায়ে ইমেইল এর মাধ্যমে তথ্য আদান প্রদানের জন্য প্ল্যাটফরম তৈরি ও প্রশিক্ষণ প্রদান করা।

০৬। বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইট নিয়মিত আপডেটকরণ এবং ডোমেইন রেজিষ্ট্রেশন নবায়ণ।

০৭। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভগণের পাশাপাশি সকল লেভেলের ভলান্টিয়ারগণকে প্রশিক্ষণের মাধ্যমে কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারে দক্ষ করে তোলা।

০৮। আইসিটি বিষয়ক ওয়ার্কশপ / সভা / মতবিনিময় / সেমিনারের আয়োজন করা

০৯। স্কাউটদের জন্য স্কাউট সফটওয়্যার প্রদর্শনী / আইসিটি ক্যাম্প / জাম্বুরী আয়োজন করা।

১০। বাংলাদেশ স্কাউটস এর প্রতিটি পর্যায়ে পেপারলেস অফিস ব্যবস্থাপনা নিশ্চিত করা।

১১। সার্ভিস পোর্টালের সার্বিক সমন্বয়, ব্যবহার, সংরক্ষণ ও মেরামতে সহায়তা প্রদান করা।

১২। প্রধান জাতীয় কমিশনার ও জাতীয় নির্বাহী কমিটির কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

**বাংলাদেশ স্কাউটস**

জাতীয় স্কাউট ভবন, ৬০ আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০

ফোনঃ +৮৮-০২-২২২ ২২০ ৫৮, ২২ ২২০ ৭১৪, ৪৮ ৩১৩ ৬৫১

ইমেইলঃ ict@scouts.gov.bd, bsictdivision@gmail.com